

১২ জন প্রবীণ শিক্ষককে সম্মাননা দিয়েছে টাঙ্গাইল জেলা প্রশাসন

টাঙ্গাইল প্রতিবেশি : টাঙ্গাইল জেলা প্রশাসন ১২ জন প্রবীণ শিক্ষককে সম্মাননা দিয়েছে। এ উপলক্ষে সম্প্রতি সাধারণ গ্রন্থাগার মিলনায়তনে আয়োজিত এক আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক আবদুল হাকিম মণ্ডল।

আলোচনায় অংশ নেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) মোয়াজ্জেম হোসেন, জেলা শিক্ষা অফিসার আবদুস সালাম মিয়া, অধ্যক্ষ আবুল হোসেন ওয়ায়েসী, শেখ ফজিলাতুন নেসা মুজিব কলেজের অধ্যক্ষ বেগম শামসুন্নাহার, শামসুজ্জামান খান ও শিক্ষিকা কাজী ফিরোজা ইসলাম। জাতি গঠনে শিক্ষকের ভূমিকা নির্ধক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইসলামী বিশ্ববিদ্যালয় টেকনিক্যাল কলেজের অধ্যক্ষ মোঃ আকহার আলী মিয়া। পরে জেলার ১২ জন প্রবীণ শিক্ষককে ক্রেস্ট দিয়ে সম্মাননা প্রদান করা হয়।

সম্মাননাপ্রাপ্ত শিক্ষকরা হচ্ছেন- বাসাইল এমদাদ হামিদা কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ আবুল হোসেন ওয়ায়েসী, ইসলামী বিশ্ববিদ্যালয় টেকনিক্যাল কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ সেকান্দার হায়াত, সাদত কলেজের বাংলা বিভাগের সাবেক অধ্যাপক মীর মোহরার আলী, একই বিভাগের সাবেক অধ্যাপক ডাঃ মঃ খলিলুর রহমান, ডাকেশনাল ট্রেনিং স্কুলের ইন্সট্রাক্টর কামরুন নাহার আকন্দ, বিশ্ববাসিনী বালিকা উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষিকা রহিমা খাতুন, বিশ্ববাসিনী বালিকা উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক মোঃ শামসুদ্দিন মিয়া, ময়মনসিংহের মুসলিম বালিকা উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষিকা সুফিয়া করিম, শিবনাথ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বন্দকার আলীউদ্দিন, দর্শন বিভাগের সাবেক অধ্যাপক জয়নাল আবেদীন, টাঙ্গাইল দারুল উলুম আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ মোঃ নূরুল আমিন মিয়া ও করাচিয়া রোকেয়া মাদ্রাসার সাবেক অধ্যক্ষ মাওলানা মোঃ ইব্রাহিম।